যুগান্তর

তারিখ ... 30 JAN 2013 ...
পৃষ্ঠা ... কলাম ...

জাতীয় স্কেলে বেতন দাবি

ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষকদের ধর্মঘট চলছে

যুগান্তর রিপোর্ট

জাতীয় স্কেলে বেতন-ভাতার দাবিতে ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষকদের আন্দোলন তৃতীয় দিনের মতো অব্যাহত রয়েছে। মঙ্গলবারও তারা জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান ধর্মঘট পালন করেন। এদিন তারা দুপুরে ২ ঘণ্টার প্রতীকী অনশন কর্মসূচিও পালন করেন। স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক ঐক্যপরিষদের ব্যানারে এ আন্দোলন আরও দু'দিন চলবে বলে জানান শিক্ষকরা। মঙ্গলবার অবস্থান কর্মসূচি পালনকালে শিক্ষকরা বলেন, বড়ই বিচিত্র এ দেশের শিক্ষা ব্যবস্থা। একই সিলেবাসে পাঠদান করে রেজিস্টার্ড প্রাথমিক স্কুলের শিক্ষকরা সরকারি স্কুলের সমান বেতন-ভাতা পেলেন। এর পর তাদের চাকরিও জাতীয়করণ হল। কিন্তু উপেক্ষিত, মাদ্রাসা শিক্ষা। তারা সরকারের এই নীতিকে মাদ্রাসা শিক্ষার সংকোচননীতি বলে অভিযোগ করে বলেন, একসময় দেশে ১৮ হাজার [illegible] ইবতেদায়ি মাদ্রাসা ছিল। এখন আছে মাত্র ৬ হাজার ৮৪৮টি। বাকি ১২ হাজার বেতন-ভাতা না পাওয়ার কারণে বন্ধ করে চলে গেছেন শিক্ষকরা। অন্যদিকে যে সংখ্যক খোলা রয়েছে, তাও অস্তিত্ব সংকটে রয়েছে। এগুলোর মধ্যে মাত্র দেড় হাজার মাদ্রাসায় সরকার ৫০০ টাকা ভাতা হিসেবে দেয়। অথচ এই পরিমাণ অর্থ শিক্ষা মন্ত্রণালয়ের কোন কোন পিয়নও নাস্তায় শেষ করে ফেলেন। বক্তারা আরও বলেন, লজ্জার আরও দিক রয়েছে। ইবতেদায়ি মাদ্রাসার কোথাও কোথাও সরকার ছাত্রছাত্রীদের উপবৃত্তি, বই, টিফিনসহ বিভিন্ন সুযোগ-সুবিধা দিচ্ছে। কিন্তু শিক্ষকরা বেতন পাচ্ছেন না। বক্তারা এসব সমস্যা সমাধানে অনতিবিলম্বে প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে সংগঠনের সভাপতি রুহুল আমিন চৌধুরী, সিনিয়র সহ-সভাপতি এসএম জয়নাল আবেদীন জিহাদী, মহাসচিব শামসুল আলম, যুগ্ম মহাসচিব মোখলেছুর রহমান, আবদুস সাত্তার প্রমুখ বক্তৃতা করেন।